

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানকল হোসেন মানিক মিয়া

উন্নত দেশ গড়ে তুলতে উচ্চ শিক্ষায় দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে হবে শিক্ষামন্ত্রী

🕒 ১৮ আগস্ট, ২০১৮ ইং ০০:০০ মিঃ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

উন্নত দেশ গড়ে তুলতে হলে উচ্চ শিক্ষায় দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে হবে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, উন্নত দেশ গড়ার জন্য দেশের মানুষ ও নতুন প্রজন্মকে যোগ্য করে গড়ে তুলতে হবে। প্রচলিত শিক্ষা ও শিক্ষা পদ্ধতির গুণগত পরিবর্তন করতে না পারলে সে লক্ষ্য অর্জন করা সম্ভব হবে না।

গতকাল শুক্রবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়া) এ সভার আয়োজন করে।

সভায় ডুয়ার সভাপতি এ. কে. আজাদের সভাপতিত্বে আরও বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মুহাম্মদ সামাদ, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মাকসুদ কামাল, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী সদস্য সুভাষ চন্দ্র সিংহ রায় প্রমুখ।

অধ্যাপক মুহাম্মদ সামাদ বলেন, বঙ্গবন্ধু ক্ষুধা-দারিদ্র্যমুক্ত, নিপীড়ন-শোষণমুক্ত সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। অধ্যাপক মাকসুদ কামাল বলেন, আজকে বঙ্গবন্ধুর আওয়ামী লীগকে নিয়ে ষড়যন্ত্র হচ্ছে। এ কারণে মার্কিন রাষ্ট্রদূত প্রটোকল উপেক্ষা করে সৃজন সম্পাদকের সঙ্গে বৈঠক করেন। এ.কে. আজাদ বলেন, আমাদের সঠিক ইতিহাস জানতে হবে। বঙ্গবন্ধুকে জানতে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত